BREAKING NEWS LIVE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 21 Nov 2026, 07:10 PM

প্রবাস

মালয়েশিয়ার বন্ধ শ্রমবাজার স্বচ্ছ প্রক্রিয়ায় চালুর কাজ চলছে: প্রবাসী কল্যাণ সচিব

প্রতিবেদক: ঢাকা প্রোব প্রতিবেদক
প্রকাশের তারিখ: শনিবার, ১৯ সেপ্টেম্বর ২০২৬, ০৪:১৩ PM



মালয়েশিয়ার বন্ধ থাকা শ্রমবাজার স্বচ্ছ ও সুশৃঙ্খল প্রক্রিয়ায় পুনরায় চালুর লক্ষ্যে সরকার কাজ করছে বলে জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব মো. মোখতার আহমেদ।

বুধবার (১৬ সেপ্টেম্বর) মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজের (বায়রা) সাবেক সদস্যদের দেওয়া স্মারকলিপি গ্রহণকালে তিনি এ কথা জানান।

সচিব বলেন, মালয়েশিয়ার শ্রমবাজার পুনরায় চালুর বিষয়টি সরকার সর্বোচ্চ গুরুত্ব দিয়ে দেখছে। এ নিয়ে ইতোমধ্যে দুই দেশের মন্ত্রী পর্যায়ে একাধিক বৈঠক হয়েছে। প্রধানমন্ত্রী তারেক রহমান তাঁর প্রথম বিদেশ সফরে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম ও দেশটির রাজা সুলতান ইব্রাহিম ইস্কান্দারের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকেও বিষয়টি উত্থাপন করেছেন।

স্মারকলিপিতে বায়রার সাবেক প্রতিনিধিরা মালয়েশিয়ায় কর্মী পাঠানোর ক্ষেত্রে তালিকাভুক্ত ৩১২টি এজেন্সিসহ সব বৈধ ও যোগ্য রিক্রুটিং

এজেন্সিকে সমান সুযোগ দেওয়া, সিন্ডিকেট ও একচেটিয়া আধিপত্য বন্ধ, অভিবাসন ব্যয় কমানো, নিয়োগ প্রক্রিয়ায় পূর্ণ স্বচ্ছতা নিশ্চিত, সব যোগ্য মেডিকেল সেন্টার উন্মুক্ত করা এবং বোয়েসেলের মাধ্যমে ওয়ান-স্টপ সার্ভিস চালুর দাবি জানান।

সচিব তাঁদের দাবিগুলো মনোযোগ দিয়ে শোনেন এবং যৌক্তিক দাবিগুলো পর্যালোচনার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে উপস্থাপনের আশ্বাস দেন।

তিনি বলেন, মালয়েশিয়ার শ্রমবাজার চালুর প্রক্রিয়া বর্তমানে চলমান। তবে এ সুযোগে কোনো মধ্যস্বত্বভোগী যাতে সাধারণ কর্মীদের কাছ থেকে অর্থ হাতিয়ে নিতে না পারে, সে বিষয়ে সবাইকে সতর্ক থাকতে হবে। দালাল ও প্রতারক চক্রের বিরুদ্ধে মন্ত্রণালয় কঠোর অবস্থানে রয়েছে।

সচিব জানান, অবৈধ ও প্রতারণামূলক কর্মকাণ্ডের বিরুদ্ধে ইতোমধ্যে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। এর অংশ হিসেবে ত্রিপল এ ওভারসিজ-এর কার্যালয় সিলগালা, জরিমানা এবং তিন বক্স পাসপোর্ট জব্দ করা হয়েছে।

তিনি আরও জানান, মালয়েশিয়ায় জনশক্তি পাঠানোর সুনির্দিষ্ট প্রক্রিয়া নির্ধারণে প্রশাসনিক কার্যক্রম চলছে। এ বিষয়ে চূড়ান্ত ও নির্ভরযোগ্য তথ্য যথাসময়ে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তির মাধ্যমে আনুষ্ঠানিকভাবে জানানো হবে।

এ বিভাগের আরও খবর



দীর্ঘ ৪ বছর বন্ধ থাকার পর বাংলাদেশিদের জন্য খুললো মালয়েশিয়ার শ্রমবাজার

অবশেষে চালু হয়েছে মালয়েশিয়ার শ্রমবাজার। দীর্ঘ প্রায় ৪ বছর বন্ধ থাকা শ্রমবাজারটি আনুষ্ঠানিক ঘোষণা ছাড়াই নীরবে খুলে গেল বাংলাদেশিদের জন্য।&nbs...



কাতারে সড়ক দুর্ঘটনায় প্রবাসী বাবুল আহমেদ নিহত

কাতার লুসাইল এরিয়ায় এক সড়ক দুর্ঘটনায় মারা গেছেন কাতার প্রবাসী বাবুল আহমেদ। কাতারের স্থানীয় সময় গতকাল (বৃহস্পতিবার, ২৪ সেপ্টেম্বর) রাত ৮টায় এ...



মালয়েশিয়ায় অভিযানে ৫৭ হাজারের বেশি অবৈধ অভিবাসী আটক

চলতি বছরের ১৭ সেপ্টেম্বর পর্যন্ত মালয়েশিয়াজুড়ে অভিযান চালিয়ে ৫৭ হাজারের বেশি অবৈধ অভিবাসীকে আটক করেছে দেশটির অভিবাসন বিভাগ (জেআইএম)। এ সময়ে...



মালয়েশিয়ায় ৩৬৪ বাংলাদেশিসহ ৪৭২ বিদেশি আটক

মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরের প্রবাসী অধ্যুষিত বাণিজ্যিক এলাকা কোতারায়ায় যৌথ বাহিনীর অভিযানে ৩৬৪ বাংলাদেশিসহ ৪৭২ বিদেশি নাগরিককে আট...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://seradealbd.com/probash/malyeshiyar-bndh-shrmbajar-sbchchh-prkriyay-chalur-kaj-chlchhe-prbasi-kljan-schib